তারিখ ...20 OCT 2002
পৃষ্ঠা - ১ কলাম - ৭

২৩ অক্টোবর থেকে লাগাতার ধর্মঘটের ডাক দিয়েছে জাবি শিক্ষক সমিতি

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষক সমিতি ২৩ অক্টোবর থেকে লাগাতার ধর্মঘটের ডাক দিয়েছে। শনিবার শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। তবে বিশ্ববিদ্যালয় ঘোষিত সব পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এ ধর্মঘটের আওতামুক্ত থাকবে। এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা দেখা দেয়ায় উদ্বিগ্ন হয়ে পড়েছে প্রায় ৬

ধর্মঘট : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

ধর্মঘট : জাবি

(শেষ পৃষ্ঠার পর)

হাজার ছাত্রছাত্রী। উপাচার্যপন্থী শিক্ষকরা ধর্মঘট বর্জন করে ছাত্রছাত্রীদের ক্লাস নেবেন বলে জানিয়েছেন। শিক্ষক সমিতি তাদের পুরনো ১১ দফা দাবির সঙ্গে নতুন ৪টি শর্তারোপ করে এই লাগাতার ধর্মঘটের ডাক দেয়। শর্তগুলোর মধ্যে রয়েছে আগামী এক মাসের মধ্যে উপাচার্য প্যানেল নির্বাচনের সুস্পষ্ট তারিখ ঘোষণা, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরের বিভিন্ন পর্ষদের ঘোষিত নির্বাচনী সিডিউল ১৮ নভেম্বরের পরিবর্তে (২-৫) নভেম্বর অর্থাৎ রমজানের আগে পুনর্নির্ধারণ, নতুন নিয়োগ বন্ধ ও নির্বাচনের আগে কোন সিন্ডিকেট সভা আহ্বান না করা। অন্যদিকে শিক্ষক সমিতির নতুন এ পদক্ষেপকে শিক্ষা বিধ্বংসী বলে আখ্যায়িত করে প্রত্যাখ্যান করেছেন উপাচার্যপন্থী শিক্ষকরা। শিক্ষক সমিতি গতকাল বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার জন্য বর্তমান প্রশাসনকে দায়ী করেছে। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আমীন মোহাম্মদ আলী বর্তমান প্রশাসনের তড়িঘড়ি করে শিক্ষক নিয়োগ দিয়ে দল ভারি করার প্রক্রিয়াকে উদ্দেশ্য প্রণোদিত বলে অভিহিত করেন। শিক্ষক নেতারা শিক্ষক সমিতির দাবিকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে বর্তমান গণতান্ত্রিক সরকারের ঘাড়ে দায়ভার চাপিয়ে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার প্রচেষ্টার জন্য বর্তমান প্রশাসনের সমালোচনা করেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক শামছুল আলম সেলিম, যুগ্ম সম্পাদক মোস্তফা নাজমুল মানছুর তমাল, সদস্য অধ্যাপক অজিত কুমার মজুমদার, ড. হানিফ আলী ও মাফরুহী সাত্তার টিটু।